শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/এ/টি-২৩৩/প্রশাঃ/২০০৬/৮০৫ তারিখ: ২৪-০২-২০২২

বিষয়: চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি মনিকা সনম, সহকারী অধ্যাপক, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেকৃবি, ঢাকা। এবং

যেহেত ২৫-০৫-২০১৭ তারিখের আপনার আবেদনের প্রেক্ষিতে আপনার অনুকূলে ০৬-০৬-২০১৭ তারিখের শেকৃবি/এ/টি-২৩৩/প্রশাঃ/১৭-২২৬৬ সংখ্যক স্মারকমূলে ২৩-০৭-২০১৭ হতে ১৯-১০-২০১৭ তারিখ পর্যন্ত পূর্ণগড় বেতনে মোট ৮৯ (উননব্বই) দিন অর্জিত ছুটি মঞ্জুরসহ বহিঃবাংলাদেশ (ইউএসএ) গমনের অনুমোদন করা হয় এবং আপনি উক্ত ছুটি নিয়ে ইউএসএ গমন করেন। এবং

যেহেতু পরবর্তীতে ১০-১০-২০১৭ তারিখের আবেদনে ব্যক্তিগত কারণে ইউএসএ অবস্থানের জন্য পূর্বের ছুটির ধারাবাহিকতায় ২০-১০-২০১৭ হতে ১৭-০১-২০১৮ তারিখ পর্যন্ত মোট ৮৯ (উননব্বই) দিন ছুটি বর্ধিত করার আবেদন করেন। এবং

যেহেতু আপনার অর্জিত ছুটি হিসাবে ছুটি জমা না থাকায় আপনার অনুকূলে ২০-১০-২০১৭ হতে ১৭-০১-২০১৮ তারিখ পর্যন্ত মোট ৮৯ (উননব্বই) দিন বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুরসহ বহিঃবাংলাদেশ (ইউএসএ) অবস্থানের অনুমোদন করা হয়। যা ১৪-০১-২০১৮ তারিখের শেকৃবি/এ/টি-২৩৩/প্রশাঃ/১৮-১৩৩ সংখ্যক অফিস আদেশের মাধ্যমে আপনাকে জানানো হয়। এবং

যেহেতু আপনি নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ অনুমোদিত ছুটি শেষে (১৮-০১-২০১৮ তারিখের মধ্যে) ইউএসএ হতে দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেননি। এবং

যেহেতু ১৮-০৩-২০১৮ তারিখের শেকৃবি/এ/টি-২৩৩/প্রশাঃ/১৮-৬৯৪ সংখ্যক পত্রের মাধ্যমে অনতিবিলম্বে কর্মস্থলে যোগদান করার নির্দেশনা দেয়া হয় এবং অন্যথায় আপনার বিরুদ্ধে কর্মস্থলে অনুপস্থিতির জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের নির্দেশ সম্বলিত পত্র ডাক বিভাগ কর্তৃক আপনার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে আপনি থাকেননা উল্লেখ করে তা ফেরত আসে। এবং

যেহেতু অদ্যাবধি আপনি কর্মস্থলে যোগদান করেননি বা অফিস/বিভাগের সাথে কোনরূপ যোগাযোগ করেননি। এবং

যেহেতু আপনি ১৮-০১-২০১৮ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এবং

যেহেতু আপনার এরূপ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি কার্যকলাপ শেকৃবি'র জন্য প্রযোজ্য ও প্রচলিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ (ডি) উপ-বিধি তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অপরাধ বিবেচনায় আপনার বিরুদ্ধে ২৮-০৪-২০১৯ তারিখ শেকৃবি/এ/টি-২৩৩/প্রশাঃ/২০০৬/১২৬৫ স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়। উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত জবাবসহ ব্যক্তিগত স্বাক্ষাত করে দলিল দস্তাবেজ উপস্থাপনের বিষয়ে বলা হয়েছিল কিন্তু আপনি কোন জবাব দাখিল করেননি বিধায় ৩১-১২-২০২০ তারিখ শেকৃবি/আই-০৯/প্রশাঃ/২০২০/১৯৬৫ স্মারকমূলে ০১ (এক) টি তদন্ত কমিটি গঠন করা হয়।

যেহেতু ৩১-১২-২০২০ তারিখ শেকৃবি/আই-০৯/প্রশাঃ/২০২০/১৯৬৫ স্মারকমূলে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হয়েছে এবং

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/এ/টি-২৩৩/প্রশাঃ/২০০৬/ ৩০৫

তারিখ: ২৪-০২-২০২২

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় আপনাকে চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service) যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে।

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না সে বিষয়ে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয় এবং আপনি তা সত্বেও নির্ধারিত সময় অতিবাহিত হয়ে যাবার পরও কোন জবাব প্রদান করেননি এবং

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় কেন আপনাকে শাস্তি প্রদান করা হবে না সে বিষয়ে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর আপনাকে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া গেল। নির্ধারিত সময়ের মধ্যে জবাব না পাওয়া গেলে ধরে নেয়া হবে এ অভিযোগে আপনার কোন জবাব নেই এবং তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আপনার বিষয়ে একতরফা আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করার এখতিয়ার রাখেন। জবাব প্রদানের সুবিধার্থে তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের ছায়ালিপি এতদ্সংগে সংযুক্ত পূর্বক প্রেরণ করা হলো।

প্রাপক:
মনিকা সনম, সহকারী অধ্যাপক
কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেকৃবি, ঢাকা
(অনুমোদিতভাবে ইউএসএ গমনের পর বর্তমানে অননুমোদিতভাবে ইউএসএ অবস্থান করছেন)

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে,

২৪/২/২২

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

স্থায়ী ঠিকানা:
মনিকা সনম
পিতা: মৃত মো: আলমগীর হোসেন
গ্রাম: ইলিশকোল, পো:+থানা: বালিয়া কান্দি
জেলা: রাজবাড়ী।
ই-মেইল: sonommonika@gmail.com